দৈনিক/ইত্তেফাক

ভোরের কাগজ

৭/১০/২০০৩

তারিখ ......

পৃষ্ঠা ...৩... কলাম ...৬...

# এইএসসি পরীক্ষায় ব্রাহ্মণবাড়িয়া সরকারি কলেজের সাফল্য

র্বাঞ্চল প্রতিনিধি : এবারের এইচএসসি পরীক্ষায় ব্রাহ্মণবাড়িয়া সরকারি কলেজের াত্রছাত্রীরা বেশ সাফল্য অর্জন করেছে। কলেজের পরীক্ষার্থীদের মধ্যে ২ জন ধাতালিকায় স্থান লাভসহ ১৭ জন স্টার এবং ৬৫ জন প্রথম বিভাগ পেয়েছে। তাছাড়া মিল্লা শিক্ষা বোর্ডের শতকরা ১৮.২৭ ভাগ পাসের বিপরীতে এ কলেজের পাসের হার তকরা ৪১.৭৫। এ সাফল্যজনক ফলাফলে কলেজের শিক্ষক ছাত্রছাত্রী ও তাদের ভিভাবকরা বেজায় খুশি।

কলেজের এ সাফল্যের বিষয়টি জানাতে গত ১৭ সেপ্টেম্বর স্থানীয় একটি চাইনিজ স্তোরায় সাংবাদিকদের সঙ্গে এক মতবিনিময় সভার আয়োজন করেন কলেজ অধ্যক্ষ ফেসর মোহাম্মদ আশরাফুল ইসলাম। সভায় অধ্যক্ষ জানান, এবারের এইচএসসি পরীক্ষায় হ্মণবাড়িয়া সরকারি কলেজের ছাত্র তানভির রেজা সম্মিলিত মেধাতালিকায় ১৯তম স্থান বং শারমিন হক মিতু মেয়েদের মধ্যে ১০ম স্থান অধিকার করে। এছাড়া কুমিল্লা বোর্ডের তকরা ১৮.২৭ ভাগ পাসের বিপরীতে ব্রাহ্মণবাড়িয়া সরকারি কলেজের বিজ্ঞান বিভাগে ৯.৩৩%, ব্যবসায় প্রশাসন বিভাগে ৪৯.১৪% এবং মানবিক বিভাগে ২৬.৭৮% ছাত্রছাত্রী তিত্বের সঙ্গে পাস করেছে। এর মধ্যে ১৭ জন স্টার এবং ৬৫ জন প্রথম বিভাগ পয়েছে।

তিনি সাংবাদিকদের বলেন; বেশির ভাগ ক্ষেত্রেই শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে এখন আর াগের মতো প্রতিষ্ঠানের প্রধানগণ নিয়ন্ত্রণ করেন না। কোনো কোনো ক্ষেত্রে সমাজবিরোধী পশক্তি পরিচালনা পর্ষদে ঝেঁকে বসে। তিনি বলেন, এই কৃতিত্বকে ধরে রাখার জন্য ক্তিস্বার্থ ভুলে গিয়ে এলাকার শিক্ষানুরাগী মহলের সকলকে সমষ্টিগত ও সমন্বিত উদ্যোগ ওয়ার আহ্বান জানান।

সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে শিক্ষকদের মধ্যে উপস্থিত ছিলেন গণিত বিভাগের ধান প্রফেসর মোঃ আবদুল হক, রাষ্ট্রবিজ্ঞান বিভাগের প্রধান প্রফেসর আহম্মদ আলী, হিসাব জ্ঞান বিভাগের প্রধান প্রফেসর পুলিন চন্দ্র মাথা, প্রফেসর আবু হাসান, প্রভাষক মনির াসেন প্রমুখ।